দৈনিক বাংলা

১৭।৩।৮১

পৃঃ ... ... কলাম... ... ...

# পবিত্র কোরানের ১০ লাখ বাংলা কপি প্রকাশের ব্যবস্থা

বাংলাদেশে বিনামূল্যে বিতরণ করার জন্য দশ লাখ কপি কোরান-উল করিম এর বাংলা অনুবাদ প্রকাশের জন্য রাবেতাত-আল-আলম আল-ইসলাম (বিশ্ব মুসলিমলীগ) অর্থ যোগান দেবে। ধর্ম বিষয়ক-মন্ত্রী জনাব আবদুর রহমান সোমবার একথা বলেছেন। খবর বাসসর।

মন্ত্রী বলেন, রাবেতাতের মহা সচিব শেখ মোহাম্মদ আলী হারকানের সঙ্গে তাঁর এবং উপ প্রধান-মন্ত্রী জনাব জামালউদ্দিন আহমেদের সঙ্গে খুবই ফলপ্রসূ আলোচনা হয়েছে।

**প্রতিনিধিদলের ঢাকা ত্যাগ**

রাবেতাতের মহাসচিব শেখ মোহাম্মদ আলী আল হারকানের নেতৃত্বে চার সদস্যের রাবেতাত-ই-আলম-আল ইসলামের প্রতিনিধিদল ৬ দিনব্যাপী বাংলাদেশ সফর শেষে সোমবার সৌদী আরবের পথে ঢাকা ত্যাগ করেছেন।

বিমানবন্দরে প্রতিনিধি দলকে বিদায় জানান অন্যান্যের মধ্যে উপ-প্রতিমন্ত্রী জনাব জামালউদ্দিন আহমেদ, ধর্ম বিষয়ক মন্ত্রী জনাব আবদুর রহমান এবং ঢাকায় নিযুক্ত সৌদী রাষ্ট্রদূত শেখ ফাদ আবদুল হামিদ আল খতিব।

ঢাকা ত্যাগ করার আগে জনাব হারকান বাসসকে জানান, বাংলাদেশ সরকার ইসলামী তৎপরতার ব্যাপারে যেসব কর্মসূচী হাতে নিয়েছেন তা দেখে তিনি খুবই খুশী হয়েছেন।